

শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে  
মাধ্যমিক স্তরে আরও  
উপবৃত্তি দেবে সরকার  
মতিবিনিময় সভায় তথ্য  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর এবং  
ব্র্যাকের উদ্যোগে শনিবার দেশের  
মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন বিষয়ক এক  
মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।  
রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে  
অনুষ্ঠিত দিনব্যাপী সভায় শিক্ষার মান  
উন্নয়নে শিক্ষকদের প্রশিক্ষণ দানের ওপর  
সরকার : পৃষ্ঠা ২ : কলাম ৭

সরকার উপবৃত্তি দেবে  
(৩য় পৃষ্ঠার পর)  
গুরুত্ব আরোপ করা হয়েছে।  
সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষা  
মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রাজিয়া  
বেগম, বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক  
ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক  
অধ্যাপক নোমান উর রশীদ, জাতীয়  
শিক্ষাফরেন ও পাঠ্যপুস্তক বোর্ডের  
চেয়ারম্যান অধ্যাপক মোঃ মোস্তফা  
কামালুদ্দিন, ঢাকা শিক্ষা বোর্ডের  
চেয়ারম্যান মোঃ শামসুল হক ও শিক্ষা  
কমিশনের সদস্য অধ্যাপক শাহীন  
কবীর। ব্র্যাকের নির্বাহী পরিচালক ড.  
মাহাবুব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত  
সভায় আরও বক্তব্য রাখেন শিক্ষা  
কর্মসূচির পরিচালক ড. শফিকুল ইসলাম  
ও কর্মসূচি প্রধান শহীদুল হাসান।  
রাজিয়া বেগম বলেন, শিক্ষার্থীদের  
ঝরেপড়া রোধ করতে মাধ্যমিক স্তরে  
আরও বিত্ত পরিসরে উপবৃত্তি প্রদানের  
উদ্যোগ নিয়েছে সরকার। তিনি শিক্ষার  
ওগণতমান বৃদ্ধিতে শিক্ষক প্রশিক্ষণ ও  
আইটি প্রশিক্ষণের ওপর গুরুত্ব দেন।  
সংবাদ বিস্তৃতি।